

🗏 আশ-শূরা | Ash-Shura | الشُّورى

আয়াতঃ ৪২:৩০

💵 আরবি মূল আয়াত:

وَ مَا أَصَابَكُم مِّن مُّصِيبَةٍ فَبِمَا كَسَبَت آيدِيكُم وَ يَعَفُوا عَن كَثِيرٍ ﴿ وَ مَا أَصَابَكُم مِّن مُّصِيبَةٍ فَبِمَا كَسَبَت آيدِيكُم وَ يَعَفُوا عَن كَثِيرٍ

আর তোমাদের প্রতি যে মুসীবত আপতিত হয়, তা তোমাদের কৃতকর্মেরই ফল। আর অনেক কিছুই তিনি ক্ষমা করে দেন। — আল-বায়ান

তোমাদের উপর যে বিপদই উপনীত হয় তা তোমাদের হাতের উপার্জনের কারণেই, তিনি অনেক অপরাধই ক্ষমা করে দেন। — তাইসিরুল

তোমাদের যে বিপদ-আপদ ঘটে তাতো তোমাদেরই কৃতকর্মের ফল এবং তোমাদের অনেক অপরাধ তিনি ক্ষমা করে দেন। — মুজিবুর রহমান

And whatever strikes you of disaster - it is for what your hands have earned; but He pardons much. — $Sahih\ International$

৩০. আর তোমাদের যে বিপদ-আপদ ঘটে তা তোমাদের হাত যা অর্জন করেছে তার কারণে এবং অনেক অপরাধ তিনি ক্ষমা করে দেন।

তাফসীরে জাকারিয়া

- (৩০) তোমাদের যে বিপদ-আপদ ঘটে তা তো তোমাদের কৃতকর্মেরই ফল এবং তোমাদের অনেক অপরাধ তিনি ক্ষমা করে দেন। [1]
 - [1] এ থেকে উদ্দেশ্য যদি ঈমানদাররা হয়, তবে অর্থ হবে, তোমাদের কোন কোন পাপের কাফফারা সেই বিপদাপদ হয়, যা তোমাদের গুনাহের কারণে তোমাদের উপর আপতিত হয় এবং কিছু গুনাহ মহান আল্লাহ তো এমনিই ক্ষমা করে দেন। আল্লাহর সত্তা বড়ই দয়ালু। ক্ষমা করে দেওয়ার পর আখেরাতে এর জন্য আর পাকড়াও করবেন না, হাদীসে এসেছে যে, "মু'মিন যে কোন কষ্ট এবং দুশ্ভিন্তা ও দুঃখের শিকার হয়; এমনকি তার পায়ে কাঁটাও যদি ঢুকে যায়, তাহলে তার ফলে মহান আল্লাহ তার গুনাহ মাফ করে দেন।" (বুখারীঃ কিতাবুল মারযা,



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4302

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন